# সমঝোতা স্মারক
## (Memorandum of Understanding)

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ও

মডার্ণ হারবাল গ্রুপ

নভেম্বর, ২০২০ খ্রিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খক ৪৬০০১৩৪

## যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ণ হারবাল গ্রুপ এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক
(Memorandum of Understanding)

বাংলাদেশ সরকারের যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুবসমাজের উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ অধিদপ্তর, যার ঠিকানা-যুব ভবন, ১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ৬৪টি জেলায় প্রাতিষ্ঠানিক ও ৪৯৮টি উপজেলায় (১০টি মেট্রোপলিটন ইউনিট থানাসহ) অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে এবং প্রশিক্ষিত যুবদের ঋণ সহায়তা দিয়ে উৎপাদনমুখী আয়সঞ্চারনমূলক কাজে নিয়োজিত করে তাদেরকে সফল আত্মকর্মী হিসেবে প্রতিষ্ঠিত করতে কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর শুরু থেকে এ পর্যন্ত মোট ৬১,৮৯,৩৩৭ জন যুবক ও যুবমহিলাকে বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘ মেয়াদী প্রশিক্ষণ দিয়েছে। এদের মধ্যে ২২,৩৮,৭০৫ জন আত্মকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হয়েছে। তাদের মধ্যে ৯,৬২,৯৩৫ জন যুব উন্নয়ন অধিদপ্তর হতে ঋণ সুবিধা গ্রহণ করে সমাজে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

অন্যদিকে, মডার্ণ হারবাল গ্রুপ একটি অরাজনৈতিক ও সেবামূলক বেসরকারি প্রতিষ্ঠান, যার ঠিকানা-২, শহীদ তাজউদ্দিন আহম্মেদ স্মরণী, মগবাজার, ঢাকা-১২১৭। দেশের যুব সম্প্রদায়কে দক্ষ মানবসম্পদে পরিণত করে উন্নয়নের মূল স্রোতধারায় অন্তর্ভুক্ত করার লক্ষ্যে মডার্ণ হারবাল গ্রুপ দেশের প্রত্যন্ত অঞ্চলে বেকার যুবদের প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্সে দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করে আসছে। এ লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ণ হারবাল গ্রুপ এর মধ্যে যৌথ উদ্যোগে বেকার যুবদের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ১১-০৬-২০১৮ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয় এবং সফলতার সাথে তা বাস্তবায়ন করা হয়। ফলে স্থানীয় যুবসম্প্রদায় দক্ষতামূলক প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে নিজেদের বিভিন্ন আয় বর্ধনমূলক কাজে সম্পৃক্ত করে সার্বিকভাবে উপকৃত হচ্ছে।

যেহেতু যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচির সাথে মডার্ণ হারবাল গ্রুপ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচির সামঞ্জস্য রয়েছে এবং মডার্ণ হারবাল গ্রুপ যুব উন্নয়ন অধিদপ্তরের সাথে পার্টনারশীপ ভিত্তিতে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় আগ্রহী, সেহেতু যুবসমাজের বৃহত্তর কল্যাণের স্বার্থে যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ণ হারবাল গ্রুপ এর যৌথ উদ্যোগে এই কার্যক্রম আরও সম্প্রসারণ, কার্যকরী ও গতিশীল করার লক্ষ্যে পুনরায় একটি সমঝোতা স্মারক স্বাক্ষরে সম্মত হয়।

### সমঝোতা স্মারকের উদ্দেশ্যাবলীঃ

০১। বেকার যুবদের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে স্থানীয় চাহিদার ভিত্তিতে দক্ষতামূলক প্রশিক্ষণের ব্যবস্থা করা।
০২। প্রশিক্ষণান্তে আত্মকর্মসংস্থানে নিয়োজিত করার লক্ষ্যে প্রশিক্ষিত যুবদের উদ্বুদ্ধ ও সহায়তা করা।
০৩। যুবদের স্বাবলম্বী হতে সহায়তা করা।

### যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয়ঃ

০১। যুব উন্নয়ন অধিদপ্তর উপজেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও উপযুক্ত প্রশিক্ষণার্থী বাছাইকরণে মডার্ণ হারবাল গ্রুপকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করবে।
০২। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খক ৪৬০০১৩৫

০৩। মডার্ণ হারবাল গ্রুপ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের দক্ষ প্রশিক্ষকদের সহায়তা চাইলে যুব উন্নয়ন অধিদপ্তর সংশ্লিষ্ট ট্রেডের প্রশিক্ষক প্রেরণ করে মডার্ণ হারবাল গ্রুপকে সহায়তা করবে। তবে মডার্ণ হারবাল গ্রুপকে এজন্য সংশ্লিষ্ট প্রশিক্ষককে উপযুক্ত সম্মানী প্রদান করতে হবে।

০৪। যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কেন্দ্রসমূহ অব্যবহৃত থাকা সাপেক্ষে মডার্ণ হারবাল গ্রুপকে প্রশিক্ষণ ভেন্যু হিসেবে ব্যবহার করার সুযোগ প্রদান করা হবে।

মডার্ণ হারবাল গ্রুপ এর করণীয়ঃ

০১। মডার্ণ হারবাল গ্রুপ হারবাল মেডিসিন, বিজনেস লিডারশীপ, কম্পিউটার এবং স্পোকেন ইংলিশ বিষয়ে বেকার যুবদের প্রশিক্ষণ প্রদান করবে।

০২। মডার্ণ হারবাল গ্রুপ প্রশিক্ষণের প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতি সরবরাহ করবে।

০৩। প্রশিক্ষকের সম্মানীসহ প্রশিক্ষণের সকল ব্যয়ভার মডার্ণ হারবাল গ্রুপ বহন করবে।

০৪। মডার্ণ হারবাল গ্রুপ প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষক/বিশেষজ্ঞ বক্তাদের উপস্থিতি নিশ্চিত করবে।

০৫। প্রশিক্ষণ কোর্স উদ্বোধন ও সমাপনীতে মডার্ণ হারবাল গ্রুপ যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/উপজেলা কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করবে।

০৬। মডার্ণ হারবাল গ্রুপ যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/উপজেলা কর্মকর্তাদের প্রশিক্ষণ কোর্সে অতিথি বক্তা হিসেবে আমন্ত্রণ জানাবে।

০৭। সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের যৌথ স্বাক্ষরে সনদপত্র প্রদানের জন্য নামের তালিকাসহ পূরণকৃত সনদপত্র মডার্ণ হারবাল গ্রুপ যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় কার্যালয়ের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

০৮। মডার্ণ হারবাল গ্রুপ সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

০৯। ছয় মাস পর পর বেকার যুবদের প্রশিক্ষণ গ্রহণ ও আত্মকর্মসংস্থানের অগ্রগতির সমন্বিত প্রতিবেদন মডার্ণ হারবাল গ্রুপ যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক বরাবরে প্রেরণ করবে।

১০। যুব উন্নয়ন অধিদপ্তরের পরামর্শ ও অনুমোদিত নমুনা অনুযায়ী মডার্ণ হারবাল গ্রুপ নিজ ব্যয়ে প্রয়োজনীয় সংখ্যক সনদপত্র মুদ্রণ করবে।

১১। মডার্ন হারবাল গ্রুপ প্রতিবছর কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি রিপোর্ট প্রকাশ করবে।

যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ণ হারবাল গ্রুপ এর যৌথভাবে করণীয়ঃ

০১। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ও মডার্ণ হারবাল গ্রুপের চেয়ারম্যান এর যৌথ স্বাক্ষরে সফলভাবে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান করা হবে।

০২। যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ণ হারবাল গ্রুপ কর্তৃক আয়োজিত বিভিন্ন কর্মসূচি ও অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে কাজ করবে।

০৩। *এ সমঝোতা স্মারক বাস্তবায়নে কোন মতবিরোধ বা সমস্যার উদ্ভব হলে উভয় প্রতিষ্ঠান যৌথভাবে তা সমাধান করবে। অথবা যে কোন প্রতিষ্ঠানের প্রধান সমঝোতা স্মারক (MoU)টি বাতিল করার ক্ষমতা রাখেন, তবে উভয় পক্ষ সমঝোতা স্মারক (MoU) বাতিল করার ০১(এক) মাস পূর্বে বিষয়টি অবহিত করবেন।*



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খক ৪৬০০১৩৬

০৪। মডার্ণ হারবাল গ্রুপ কর্তৃক প্রতি বছর কর্মসূচি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ণ হারবাল গ্রুপের কর্মকর্তাদের অংশগ্রহণে কেন্দ্রীয়ভাবে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠানের আয়োজন করবে। সভা আয়োজনের সকল খরচ মডার্ণ হারবাল গ্রুপ বহন করবে। তবে অনুষ্ঠানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ভেন্যু এবং প্রয়োজনে আবাসনের ব্যবস্থা করবে।

০৫। এ সমঝোতা স্মারক স্বাক্ষরের তারিখ হতে পরবর্তী দুই বছর কার্যকর থাকবে। তবে উভয় পক্ষের সম্মতিতে এ সমঝোতা স্মারকের মেয়াদ বৃদ্ধি করা যাবে।

০৬। প্রশিক্ষিত যুবদের বাণিজ্যিক ব্যাংক হতে সহজ শর্তে ঋণ প্রাপ্তির জন্য যুব উন্নয়ন অধিদপ্তর ও মডার্ণ হারবাল গ্রুপ যৌথভাবে কাজ করবে।

**যুব উন্নয়ন অধিদপ্তর এবং মডার্ণ হারবাল গ্রুপ এর ফোকাল পয়েন্টঃ**

১। এ সমঝোতা স্মারক সুষ্ঠুভাবে বাস্তবায়নে যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে সহকারী পরিচালক(প্রশিক্ষণ) জনাব কে, এম, জাহিদ হোসেন এবং মডার্ণ হারবাল গ্রুপের পক্ষে ডাঃ আহমাদ রেজা কাদেরী, চীফ মেডিকেল অফিসার ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন।

উল্লিখিত শর্তাবলী বিবেচনাপূর্বক উভয় পক্ষই একমত হয়ে অদ্য ০৪-১১-২০২০ খ্রিঃ তারিখে এ সমঝোতা স্মারক স্বাক্ষর করলাম।

| মডার্ণ হারবাল গ্রুপ- এর পক্ষে | যুব উন্নয়ন অধিদপ্তর-এর পক্ষে |
| --- | --- |
| | ৪.১১.২০২০ |
| (ডাঃ আলমগীর মতি)<br>চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক | (আখতারুজ জামান খান কবির)<br>মহাপরিচালক |

স্বাক্ষীগণ ঃ

১। কে. এম. জাহিদ হোসেন
সহকারী পরিচালক (প্রশিঃ)

২। ডা. আহমাদ রেজা কাদেরী
চীফ মেডিকেল অফিসার

৩। ডা: আনোয়ার মুশারফ
Medical Superintendent

৪। মরিয়ম আক্তার
সহকারি পরিচালক(প্রশি:)



"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"